

S.S  
BENK

অর্ধ 1.0 MAR 1987

পৃষ্ঠা 6

009

## এসএসসি পরীক্ষায় গণ- টোকাটুকির দায়ে তিনি শতাধিক ছাত্র বহিষ্ঠিত

|| স্টাফ রিপোর্ট ||

গতকাল এসএসসি পরীক্ষার বিভায় দিনে  
ইংরেজী প্রথম ও দ্বিতীয় পত্রে ব্যাপক  
নকলের অভিযোগে সারা দেশে ৩৩' ১৯  
জন ছাত্র-ছাত্রীকে বহিষ্ঠিত করা হয়েছে।  
পরীক্ষার হলে নকল করার ব্যাপারে  
সহযোগিতা করার অপরাধে ৩ জন

পরিদর্শককেও বহিষ্ঠিত করা হয়েছে।  
একমাত্র রাজশাহী বোর্ডের অধীনে  
দেড়শ' ছাত্র-ছাত্রী বহিষ্ঠিত হয়।  
ঢাকা বোর্ড সুত্রে জানা গেছে, নকলের  
অভিযোগে ৬০ জন ছাত্র-ছাত্রীকে বহিষ্ঠিত  
করা হয়। একমাত্র ফরিদপুরে ২৬ জন  
ছাত্র-ছাত্রী বহিষ্ঠিত হয়। এদিকে আমাদের  
গাজীপুরের সংবাদদাতা টেলিফোনে  
জানান, গাজীপুরে ২ জন ও কাপাসিয়া  
কেন্দ্র থেকে ৩ জন ছাত্রকে বহিষ্ঠিত করা  
শেষ পৃঃ ২-এর ক্ষেত্রে

### গণ-টোকাটুকি

প্রথম পঞ্চাম পৰ  
হয়েছে।

কুমিল্লা বোর্ডের সাথে টেলিফোনে  
যোগাযোগ করা হলে কর্তৃপক্ষ জানান,  
গতকাল নকলের দায়ে বিভিন্ন কেন্দ্র  
থেকে ৩২ জন ছাত্র-ছাত্রীকে বহিষ্ঠিত করা  
হয়েছে। রাজশাহী বোর্ডের অধীনে  
ঠাকুরগাঁও জেলার পীরগঞ্জে সর্বাধিক  
সংখ্যক ৪৭ জন ছাত্র-ছাত্রী নকলের  
অভিযোগে বহিষ্ঠিত হয়। সর্বমোট  
বহিষ্ঠিতের সংখ্যা বোর্ড সুত্রে ১শ' ১১  
জন। আমাদের সিরাজগঞ্জের সংবাদদাতা  
জানান, একমাত্র সিরাজগঞ্জ সদর  
উপজেলায় ৩০ জন ছাত্র-ছাত্রীকে  
বহিষ্ঠিত করা হয়।

যশোর বোর্ডের সাথে চেষ্টা করেও  
কাউকে পাওয়া যায়নি। বরিশালের  
সংবাদদাতা টেলিফোনে জানিয়েছেন,  
জেলার বিভিন্ন কেন্দ্র থেকে ৬০ জন  
ছাত্র-ছাত্রীসহ ৩ জন পরিদর্শককে বহিষ্ঠিত  
করা হয়েছে। এদিকে আমাদের খুলনা  
প্রতিনিধি জানান, খুলনার বিভিন্ন কেন্দ্র  
থেকে নকলের অভিযোগে ১৮ জন  
ছাত্র-ছাত্রীকে বহিষ্ঠিত করা হয়।

আমাদের নরসিংদী সংবাদদাতা  
টেলিফোনে জানান, এসএসসি পরীক্ষার  
বিভায় দিনে নরসিংদী জেলার বিভিন্ন  
কেন্দ্র থেকে ৪৭ জন ছাত্র-ছাত্রীকে  
বহিষ্ঠিত করা হয়েছে। বহিষ্ঠিতদের মধ্যে  
রায়পুরায় ১৪ জন, বেলাব ১১ জন,  
শিবপুরে ৪ জন, মনোহরদীতে ১১ জন  
এবং নরসিংদী সদরে ৭ জন।